গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯, কাওরান বাজার, ঢাকা।
www.dot.gov.bd

স্মারক নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০০৮.২২- ৯২৬

তারিখ: ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ।
২১ জুন, ২০২২ খ্রিষ্টাব্দ।

## ভর্তি বিজ্ঞপ্তি
## শিক্ষাবর্ষঃ ২০২১-২০২২

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তর কর্তৃক পরিচালিত এবং বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজসমূহে ৪ (চার) বছর মেয়াদি বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ২০২১-২০২২ শিক্ষাবর্ষে লেভেল-১ এ ভর্তিচ্ছু প্রার্থীদের নিকট থেকে নির্ধারিত পদ্ধতিতে আবেদন আহ্বান করা যাচ্ছে। প্রতিটি কলেজের বিভাগ অনুযায়ী আসন সংখ্যা, ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের যোগ্যতা, আবেদন প্রক্রিয়া এবং অন্যান্য নিয়মাবলি নিম্নরূপঃ

১. কলেজসমূহের নাম, ঠিকানা ও আসন সংখ্যাঃ

| ক্রঃ নং | কলেজের নাম ও ঠিকানা | বিভাগ অনুযায়ী আসন সংখ্যা |
|---|---|---|
| ১. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।<br>ওয়েব সাইটঃ ctec.chittagong.gov.bd<br>ই-মেইলঃ tex_collegectg@yahoo.com<br>মোবাইলঃ ০১৭৯৫১৯৭৯৭৮, ০১৯১৯৪১১৪৮৮ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ২. | পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়িয়া, পাবনা।<br>ওয়েব সাইটঃ www.pabtec.gov.bd<br>ই-মেইলঃ pabtec2006@gmail.com<br>ফোনঃ০২- ৫৮৮৮৪৬১০৩ মোবাইলঃ ০১৭১২৬৩৯২০৭, ০১৭৫৭৯৯১০৫৫ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৩. | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>ফোনঃ ০২৩৩-৪৪৯৩৭৫৮ মোবাইলঃ ০১৯২২২০১২১৪<br>ওয়েব সাইটঃ www.tecn.gov.bd<br>ই-মেইলঃ btec.bd@gmail.com | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৪. | শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, সি এন্ড বি রোড, বরিশাল।<br>ওয়েব সাইটঃ www.sarstec.com<br>ই-মেইলঃ arstec_barisal@yahoo.com<br>ফোনঃ ০২৪৭৮৮৬৪১৩৯ মোবাইলঃ ০১৯৩৯৭৮১০৯১ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৫. | শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, আড়ুয়াকান্দি, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ।<br>ওয়েব সাইটঃ sktec.jhenaidah.gov.bd<br>ই-মেইলঃ jtectextile@gmail.com<br>মোবাইলঃ ০১৭১৩৯১৮০৭৪, ০১৬৮৬৫১৪১১৪ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৬. | ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর<br>ওয়েব সাইটঃ dwmtec.pirgonj.rangpur.gov.bd<br>ই-মেইলঃ dmawmtecrangpur@gmail.com<br>মোবাইলঃ ০১৭৩৮-০৬১২৫০, ০১৭৪৬-২১৩৫৩৮ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৭. | শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ<br>ই-মেইলঃ srtec.gopalgonj@gmail.com<br>ফোনঃ ০১৫১৭০৫৪২১০, ০১৫২১-২২১১৫৭ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| ৮. | শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর<br>ই-মেইলঃ shtec.jamalpur@gmail.com<br>ফোনঃ ০১৭৩৯৬৮৯৬৩৯ | ইয়ার্ন ইঞ্জিঃ -৩০<br>ফেব্রিক ইঞ্জিঃ -৩০<br>ওয়েট প্রসেসিং ইঞ্জিঃ -৩০<br>এ্যাপারেল ইঞ্জিঃ -৩০ |
| | সর্বমোট | ৯৬০ |

২. ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের ন্যূনতম যোগ্যতাঃ

(ক) আবেদনকারীকে অবশ্যই জন্মসূত্রে অথবা নাগরিকত্ব গ্রহণসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

(খ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০১৮ অথবা ২০১৯ সালে অনুষ্ঠিত এসএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৪.০০ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

(গ) আবেদনকারীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড হতে বিজ্ঞান বিভাগে ২০২০ অথবা ২০২১ সালে অনুষ্ঠিত এইচএসসি/সমমানের পরীক্ষায় গ্রেডিং পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে জিপিএ ৪.০০ পেয়ে পাশ অথবা বিদেশি শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে। এছাড়া, আবেদনকারীকে এইচএসসি পরীক্ষায় গনিত, পদার্থ ও রসায়নে আলাদাভাবে ন্যূনতম ৩.৫০ গ্রেড পয়েন্ট এবং ইংরেজিতে ৩.০০ গ্রেড পয়েন্টসহ উল্লিখিত বিষয়সমূহে মোট গ্রেড পয়েন্ট কমপক্ষে ১৬.৫০ থাকতে হবে।

(ঘ) GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে ৫টি পেপারে গড়ে B এবং GCE 'A' লেভেল পরীক্ষায় Physics, Chemistry and Mathematics এ B গ্রেড পেয়ে পাশ করতে হবে। কোন বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না। Equivalence Certificate প্রাপ্তির জন্য বস্ত্র অধিদপ্তরের পরিচালক (শিক্ষা) এর নিকট নগদ ১৫০০ (এক হাজার পাঁচ শত) টাকা প্রদান পূর্বক 'O' লেভেল এবং 'A' লেভেল পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র ও সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপিসহ, মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবরে ২০/০৭/২০২২ তারিখের মধ্যে আবেদন করতে হবে।

৩। সংরক্ষিত আসনঃ

প্রতিটি কলেজে নির্ধারিত আসনের অতিরিক্ত মুক্তিযোদ্ধা কোটায় ০২টি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় ০১টি সহ মোট ০৩টি আসন সংরক্ষিত থাকবে। উক্ত কোটাসমূহে ভর্তির উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে আসন শূণ্য থাকবে। সংরক্ষিত আসনের জন্য ভর্তি পরীক্ষায় যোগ্য বিবেচিত হলে ভর্তির সময় অবশ্যই ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হতে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী মর্মে প্রত্যয়নপত্র এবং মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক প্রদত্ত মূল সার্টিফিকেট দেখাতে হবে এবং এর সত্যায়িত কপি দাখিল করতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীদেরও ভর্তি পরীক্ষার যথারীতি অংশগ্রহণ করতে হবে এবং মেধা ভিত্তিক নির্বাচন করা হবে।

৪. আবেদন ফিঃ

আগ্রহী আবেদনকারী ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করে আবেদন করতে পারবেন।

৫. ভর্তির আবেদন প্রক্রিয়াঃ

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://dot.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন।

(i) অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০৫/০৭/২০২২ খ্রিঃ তারিখ, সকাল ১০:০০ টা।

(ii) অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ, রাত- ১২.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত আবেদনকারীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(iii) আবেদনকারীগণ Online আবেদনপত্রে কলেজ পচ্ছন্দক্রম ও পরীক্ষা কেন্দ্র উল্লেখ করতে হবে।

খ. Online আবেদনপত্রে পরীক্ষার্থীর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং লিখিত পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online এ আবেদনপত্র (Application Form) যথাযথ পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত ১টি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে।

User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে এসএমএস করে আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: DOT <space> User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: DOT ABCDEF

Reply: Applicant's name. Tk. 1000 will be charged as application fee.

Your PIN is XXXXXXXX. To pay fee Type DOT <space> Yes<space> PIN and send to 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: DOT <space>YES<space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DOT YES xxxxxxxxx

Reply: Congratulations Applicant's name, payment completed successfully for B.Sc admission of DOT. User ID is (ABCDEF) and password (xxxxxxxxx)

চ. আবেদন ফি জমা দেওয়ার পর থেকে প্রার্থী User ID এবং Password ব্যবহার করে পরবর্তী রোল নম্বর, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র Download পূর্বক Print (রঙিন) করতে পারবেন । প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে vas.query@teletalk.com.bd এ ই-মেইল করুন অথবা টেলিটকের কাস্টমার কেয়ার (১২১) নম্বরে অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে রাত দিন ২৪ ঘণ্টা যোগাযোগ করা যেতে পারে।

৬. নিম্নবর্ণিত নিয়মাবলি অনুযায়ী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবেঃ

(ক) পরীক্ষার বিষয় সমূহ ও নম্বরঃ

গণিত - ৬০, পদার্থ - ৬০, রসায়ন - ৬০, ফাংশনাল ইংলিশ - ২০। সর্বমোট ২০০ নম্বর।

(খ) ভর্তি পরীক্ষা ২০২১ সালে উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

(গ) MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।

(ঘ) প্রশ্নপত্রে ১০০ টি প্রশ্ন থাকবে, প্রতিটি প্রশ্নের নম্বর হবে ২, পরীক্ষার সময় হবে ১ ঘন্টা ২০ মিনিট।

(ঙ) প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।

(চ) পরীক্ষার্থীদের উত্তরপত্রে (OMR শিট) কালো কালির বলপেন দিয়ে পূরণ করতে হবে। ভর্তি পরীক্ষার রোল নম্বরসহ সংশ্লিষ্ট ঘরসমূহ ইংরেজিতে পূরণ করতে হবে। পেন্সিল ব্যবহার করলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ছ) ভর্তি পরীক্ষার সময় কোন ধরনের ক্যালকুলেটর, ইলেকট্রনিক সিম, কোন ধরনের ঘড়ি, ডিভাইস যুক্ত কলম, মোবাইল বা অন্যান্য উপকরণ সংগে রাখা ও ব্যবহার করা যাবে না।

(জ) কোন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

৭. প্রার্থী নির্বাচন ও ফলাফল প্রণয়নঃ

ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে মেধা তালিকা নির্ধারণ করা হবে। প্রার্থীর মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের মেধাতালিকা কলেজ ভিত্তিক প্রকাশ করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে কলেজ ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মেধা ও পছন্দের ক্রম অনুযায়ী কলেজ পরিবর্তনের সুযোগ থাকবে।

৮. বিভাগ নির্ধারণঃ

ভর্তির পর স্ব-স্ব কলেজ কর্তৃক প্রার্থীর মেধা ও পছন্দ ক্রম অনুযায়ী বিভাগ নির্ধারণ করা হবে।

৯. ভর্তি পরীক্ষা সংশ্লিষ্ট তারিখ ও সময়সূচীঃ

| ভর্তি সংক্রান্ত কার্যক্রম | তারিখ |
|---|---|
| (ক) অনলাইনে ভর্তির জন্য আবেদনের সময় | ০৫/০৭/২০২২ খ্রিঃ সকাল ১০:০০টা হতে ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত। |
| (খ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ২০/০৮/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১০:০০টা হতে ১১:২০ টা পর্যন্ত। |
| (গ) ভর্তি পরীক্ষার কেন্দ্র | ক) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম।<br>খ) পাবনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, শালগাড়ীয়া, পাবনা।<br>গ) টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বেগমগঞ্জ, নোয়াখালী।<br>ঘ) শহীদ আবদুর রব সেরনিয়াবাত টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল।<br>ঙ) শেখ কামাল টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মধুপুর বাজার, সদর, ঝিনাইদহ।<br>চ) ড. এম এ ওয়াজেদ মিয়া টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, পীরগঞ্জ, রংপুর।<br>ছ) শেখ রেহানা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, গোপালগঞ্জ।<br>জ) শেখ হাসিনা টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, মেলান্দহ, জামালপুর |
| (ঘ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ২৩/০৮/২০২২ তারিখের মধ্যে বস্ত্র অধিদপ্তর ও সকল কলেজের ওয়েব সাইট ও নোটিশ বোর্ড। |

১০. প্রার্থী কর্তৃক করনীয় বিষয়ঃ

ক) ভর্তি পরীক্ষায় অংগ্রহণের জন্য ইস্যুকৃত প্রবেশপত্র অবশ্যই সংগে আনতে হবে।

খ) পরবর্তী যোগাযোগের জন্য আবেদনকারীকে ভর্তি পরীক্ষার রোল নম্বর সংরক্ষণ করতে হবে।

গ) ভর্তি পরীক্ষার দিন অন্তত ৪৫ মিনিট পূর্বে কেন্দ্রে এবং ৩০ মিনিট পূর্বে পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন প্রার্থী পরীক্ষার হলে প্রবেশ করতে পারবে না।

ঘ) প্রবেশপত্রে উল্লিখিত নির্দেশাবলী যথাযথভাবে মেনে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।

ঙ) রেজিষ্ট্রেশন প্রক্রিয়ায় কোনরূপ সমস্যার সম্মুখীন হলে টেলিটকের কাস্টমার কেয়ার (১২১) নম্বরে অথবা অন্য যে কোন অপারেটর থেকে ০১৫০০-১২১১২১ নম্বরে রাত দিন ২৪ ঘণ্টা যোগাযোগ করা যেতে পারে।

চ) ভর্তি সংক্রান্ত বিষয়ে কোন তথ্য জানতে অফিস চলাকালীন (রবিবার থেকে বৃহস্পতিবার, সকাল ৯:০০ টা হতে বিকাল ৫:০০ টা) ০১৭২৬০৫৮৫৯৩ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

ছ) ভর্তি সংক্রান্ত তথ্য/সংশোধনী/ফলাফল জানার জন্য নিম্নোক্ত ওয়েব সাইট ভিজিট করা যেতে পারে:

www.dot.gov.bd, www.sarstec.com, www.tecn.gov.bd, ctec.chittagong.gov.bd, www.pabtec.gov.bd, sktec.jhenaidah.gov.bd, dwmtec.pirgonj.rangpur.gov.bd

জ) ভর্তি সংক্রান্ত যে কোন ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

27/03/2022

(মোঃ নূরুজ্জামান)
মহাপরিচালক
বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
ও
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।